স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	: **জনাব জেসমিন হক জেসি,** মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
সভার স্থান	: মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, চকরিয়া, কক্সবাজার।
সভার তারিখ ও সময়	: ০৫/০৯/২০২২খ্রি: সকাল ১১.০০ ঘটিকা।
সভার উপস্থিতি	: পরিশিষ্ট ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচি নিয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর আলোকপাত করেন।

০১.বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। সভায় উপস্থিত ০৭ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহিত হয়।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া জানান, বৃহত্তর জনগোষ্ঠীর অব্যাহত চাহিদার প্রেক্ষাপটে ইতোপূর্বে উপজেলা পরিষদের পক্ষ হতে কুকুর/প্রাণীর কামড়ের চিকিৎসার জন্য Rabies Vaccine উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বরাবর বরাদ্দ করা হয়েছিল যা বেশ কিছুদিন আগে শেষ হয়ে গেছে। উক্তরূপ Rabies Vaccine এর জন্য বরাদ্দ পুনরায় প্রয়োজন। এছাড়াও মহাসড়ক সংলগ্ন হওয়ায় প্রতিনিয়ত অনেক সড়ক দূর্ঘটনায় আহত রোগী ও মারামারিতে আহত রোগী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন। তাদের সুচিকিৎসার জন্য ধনুষ্টঙ্কার রোগ প্রতিরোধী Tetanus Vaccine প্রয়োজন হয়। এই উভয় টিকার বিষয়ে গত ০২/১০/২০১৯খ্রি. তারিখ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের সভাপতিত্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অনুষ্ঠিত সভায় বিস্তারিত আলোচনা হয় এবং Rabies Vaccine I Tetanus Vaccine এর বরাদ্দের জন্য উপজেলা পরিষদের সমন্বয় সভায় প্রস্তাব দাখিলের বিষয়ে সিদ্ধান্ত হয়। সমগ্র দক্ষিণ চট্টগ্রাম বিভাগের চাহিদা বিবেচনায় সরকার চকরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে Blood Bank স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। যার কাজ খুব শীঘ্রই শুরু হবে।	কুকুর/প্রাণীর কামড়ে ও সড়ক দূর্ঘটনায় আহত গরীব ও অসহায় রোগীদের কে Rabies Vaccine ও Tetanus Vaccine প্রয়োগের জন্য ADP/ UDF তহবিল হতে একটি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া। ২। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া। ৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া।
০২.	চকরিয়া উপজেলার ভেজাল খাদ্য, ভেজাল স্বাস্থ্য উপকরণ ও ভেজাল ঔষধ সরবরাহকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এই বিষয়ে উপজেলা মাসিক সভায় প্রস্তাব উত্তাপন করতে হবে।	চকরিয়া উপজেলার ভেজাল খাদ্য, ভেজাল স্বাস্থ্য উপকরণ ও ভেজাল ঔষধ সরবরাহকারীদের বিরুদ্ধে কঠোর মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা মাসিক সভায় প্রস্তাব উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া।

০৩.	চকরিয়া উপজেলার ইউনিয়ন পর্যায়ে অবস্থিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন সাব সেন্টার, কমিউনিটি ক্লিনিক সমূহে স্বাস্থ্য সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সৌলার লাইটের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। উক্ত বিষয়ে উপজেলা মাসিক সভায় প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।	চকরিয়া উপজেলার ইউনিয়ন পর্যায়ে অবস্থিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন সাব সেন্টার, কমিউনিটি ক্লিনিক সমূহে স্বাস্থ্য সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সৌলার লাইটের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাসিক সভায় প্রস্তাব উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জেসমিন হক জেসি)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি, চকরিয়া কক্সবাজার।

স্মারক নং- উপ:স্বা:কম:/চক:/কক্স:/২০২২- ১২৬

তারিখ: ০৫/০৭/২০২২খ্রি:

<u>অনুলিপি</u> ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবাজার-১।
২। জেলা প্রশাসক, কক্সবাজার।
৩। চেয়াম্যান উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
৪। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, কক্সবাজার।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান. উপজেলা পরিষদ. চকরিয়া, কক্সবাজার।
৬। সংরক্ষণ নথি।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
২-৪) জনাব...
৫-৬) চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ।

৫-০৭-২২

(ডাঃ মোহাম্মদ শাহবাজ)
উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা
চকরিয়া, কক্সবাজার।
ও
সদস্য-সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি
চকরিয়া, কক্সবাজার।

পরিশিষ্ট- "ক"

চকরিয়া উপজেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির

দ্বি-মাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

তারিখ : ০৫/০১/২০২২খ্রিঃ, রোজঃ বুধবার, সকাল : ১১.০০ ঘটিকা।

ক্র:নং	নাম ও পদবী	মোবাইল	স্বাক্ষর
০১.	**জনাব জেসমিন হক জেসি,** মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া ও সভাপতি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।	০১৮২১-৫৭৩৭৫০	
০২.	জনাব বিধান কান্তি রুদ্র, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া ও সদস্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।	০১৮১৯-৭২৪২৮০	
০৩.	ডা: সুপন নন্দী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চকরিয়া ও সদস্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।	০১৬৭০-৩৮৩৩৪০	
০৪.	জনাব গুলশান আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া ও সদস্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।	০১৮১১-৬৬৬১৩৮	
০৫.	জনাব মহসিন বাবুল, চেয়ারম্যান, সাহারবিল ইউনিয়ন পরিষদ, চকরিয়া ও সদস্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।	০১৮১৫-৫৫৮০৯৩	
০৬.	জনাব নুরুল আমিন, চেয়ারম্যান, ডুলাহাজারা ইউপি, চকরিয়া ও সদস্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।	০১৮৩৫-৪৪৮৫৪২	
০৭.	**ডা: মোহাম্মদ শাহবাজ,** উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, চকরিয়া ও সদস্য-সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।	০১৭১১-২০৯৭৫৯	05.01.22